# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৮ম** **বিষয় ঃ বাংলা (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৭০**

**[বিঃ দ্রঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]**

**সৃজনশীল অংশ-৪০**

**গদ্যাংশ**

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও** ২×১০=২০

১। রফিক সাহেব শীতের ছুটিতে ভাগ্নি সাহানাকে নিয়ে গ্রামে বেড়াতে যান। রাতের আকাশ দেখার জন্য তারা খোলা মাঠে যান, অদূরেই দেখতে পান মাঠের মধ্যে হঠাৎ এক প্রকার আলো জ্বলে উঠে তা সামনে এগিয়ে যাচ্ছে। ওটা কিসের আলো তা জানতে চাইলে সাহানার মামা বলেন, ভূতের! সাহানা ভয় পেয়ে তার মামাকে জড়িয়ে ধরে। মামা তখন তাকে বুঝিয়ে বলেন যে, খোলা মাঠের মাটিতে এক প্রকার গ্যাস থাকে যা বাতাসের সংস্পর্শে এলে জ্বলে ওঠে। সাহানা বিষয়টি বুঝতে পেরে স্বাভাবিক হয়।

ক) 'সরীসৃপ' মানিক বন্দ্যোপধ্যায়ের কোন জাতীয় রচনা? ১

খ) কিছু পয়সা বাঁচানোর জন্য বাপের ছবিতে ভূত এনে ছেড়েছে-কথাটি অর্থ কী? ২

গ) উদ্দীপকের সাহানা আর 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেনের বিশেষ মিল কোথায়?-ব্যাখ্যা কর। ৩

ঘ) "রফিক সাহেব আর 'তৈলচিত্রের ভূত' গল্পের পরাশর ডাক্তার উভয়কে আধুনিক মানসিকতার অধিকারী বলা যায়"-উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

২। অহিংসার মাধ্যমে প্রতিষ্ঠিত হয় গণতন্ত্র- যেখানে সবারই সমান স্বাধীনতা থাকে। যেখানে প্রত্যেকেই হবে তার জগৎ নিয়ন্তা। এটাই সেই গণতন্ত্র যাতে আপনাদের আজ অংশগ্রহণ করতে আহ্বান জানাচ্ছি। একদিন আপনারা বুঝতে পারবেন, হিন্দু ও মুসলমানদের মধ্যে পার্থক্য ভুলে যাওয়া এবং আপনারা আপনাদের শুধু মানুষ মনে করবেন, এবং সবাই একত্র হয়ে স্বাধীনতা আন্দোলনে ব্রতী হবেন।

ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পিতা এবং মাতার নাম কী? ১

খ) এই বাংলায় হিন্দু-মুসলমান, বাঙালি অবাঙালি যারা আছে তারা আমাদের ভাই- কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২

গ) উদ্দীপকে মহাত্মা গান্ধীর ভাষণের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটি 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'-মন্তব্যটির যথার্থতা মূল্যায়ণ কর?৪

৩। আমাদের দেশে ঘর সাজাবার কাজে কাপড় দিয়ে যেসব পুতুল তৈরি হয় সেগুলোকে প্রতীকধর্মী পুতুল বলা হয়। এ ধরনের তৈরি করতে বিশেষ সৈন্দর্যবোধ ও বিচার বিবেচনা প্রয়োজন।

ক) বিশেষ ছাঁচে কী ঢেলে গড়ন বানানো হয়? ১

খ) কুটিশিল্প কীভাবে আমাদের জীবনের সাথে জড়িত? ২

গ) উদ্দীপকে যে শিল্পের কথা বলা হয়েছে তা 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে-বিশ্লেষণ কর? ৩

ঘ) শিল্প সৃষ্টির জন্য চাই সৌন্দর্য পিপাসু মন'-উদ্দীপকে ও 'লোকশিল্প' প্রবন্ধের আলোকে-বর্ণনা কর? ৪

**পদ্যাংশ**

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও** ২×১০=২০

৪। নম্রশিরে সুখের দিনে
তোমারি সুখ লইব চিনে,
দুখের রাতে নিখিল ধরা
যে দিন করে বঞ্চনা
তোমারে যেন না করি সংশয়।

ক) প্রভুর দুয়ারে কবি কী নিয়ে দাঁড়িয়েছেন? ১

খ) "তব স্নেহ কণা জগতের আয়ু" বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের সঙ্গে 'প্রার্থনা' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটি 'প্রার্থনা' কবিতার একটি বিশেষ দিককে নির্দেশ করলেও সমগ্রভাব প্রকাশে সক্ষম নয়-যুক্তিসহ বিশ্লেষণ কর? ৪

৫। বাঁচিতে চাই না আর
জীবন আমার সঁপিলাম,
পীর, পুত পদে আপনার।
ইব্রাহীমের গুপ্ত ঘাতক আমি ছাড়া কেউ নয়,
ঐ অসিখানা এ বুকে হানুন সত্যের হোক জয়।

ক) করতল অর্থ কী? ১

খ) "শোনিতে তাহার ক্ষালিত করিবে চিতোরের অপমান" কে এবং কেন করবে? ২

গ) উদ্দীপকে উল্লিখিত ইব্রাহীমের গুপ্ত ঘাতকের সাথে 'বাবুরের মহত্ত্ব' কবিতায় বর্ণিত রাজপুত বীরের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকটি 'বাবুরের মহত্ত্ব' কবিতার সমগ্র ভাব প্রকাশে কতটুকু সক্ষম তা যুক্তি সহকারে বুঝিয়ে লেখ। ৪

৬। সাম্যের গান গাই-
যত পাপী-তাপী সব মোর বোন,

সব হয় মোর ভাই এ পাপ-মুলুকে পাপ করিনি ক'
কে আছে পুরুষ নারী?
আমরা ত ছার; পাপে পঙ্কিল পাপীদের কান্ডারি!
তেত্রিশ কোটি দেবতার পাপে স্বর্গ সে টলমল,
দেবতার পাপ -পথ দিয়ে পশে স্বর্গে অসুর দল!

ক) মানব যুদ্ধে নারী কি দিয়েছিল? ১

খ) "বেদনার যুগ মানুষের যুগ, সাম্যের যুগ আজ" বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ) উদ্দীপকটি 'নারী' কবিতার কোন দিকটির সঙ্গে সঙ্গিতপূর্ণ? ব্যাখ্যা কর? ৩

ঘ) উদ্দীপকটি 'নারী' কবিতার সম্পূর্ণ ভাব ধারণ করেছে কী? স্বপক্ষে যুক্তি দাও। ৪

## ব্যাকরণ-৩০

৭। যে কোন ১টি প্রশ্নের উত্তর দাওঃ ১×৫=৫

**ক) সারাংশ লেখঃ**

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে তাকে খারাপ বলে। তাকে অপছন্দ করে তার সঙ্গে মিশতে চায় না। তার সঙ্গে কাজ করতে চায় না।

খ) লাইব্রেরি জাতির সভ্যতা ও উন্নতির মানদন্ড।

**খ) সারমর্ম লেখঃ**

হে সূর্য! শীতের সূর্য!
হিমশীতল সুদীর্ঘ রাত তোমার প্রতীক্ষায় আমরা থাকি
যেমন প্রতীক্ষা করে থাকে কৃষকের চঞ্চল চোখ
ধান কাটার রোমাঞ্চকর দিনগুলির জন্যে।
হে সূর্য, তুমি তো জানো,
আমাদের গরম কাপড়ের কত অভাব!
সারারাত খড় কুটো জ্বালিয়ে
এক টুকুরে কাপড়ে কান ঢেকে,
কত কষ্টে আমরা শীত আটকাই!

৮। যে কোন একটি ভাব-সম্প্রসারণ করঃ- ১×৫=৫

ক) জ্ঞানহীন মানুষ পশুর সমান।

খ) একতাই বল।

৯। যে কোন একটি প্রশ্নের উত্তর দাওঃ ১×৫=৫

ক) মনে কর, তোমার বাবা একটি ব্যাংকে চাকরি করেন। সম্প্রতি তোমার বাবার বদলি হয়েছে, তাই তোমাকেও তার সাথে চলে যেতে হবে। এজন্য তোমার স্কুলের প্রধান শিক্ষকের কাছে ছাড়পত্র চেয়ে আবেদন কর।

খ) তোমার স্কুলে 'নজরুল জন্মজয়ন্তী' উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রণ পত্র রচনা কর।

১০। যে কোন একটি বিষয়ে রচনা করঃ- ১×১৫=১৫

ক) মুক্তিযুদ্ধ জাদুঘর খ) আমার ছেলেবেলা গ) বাংলাদেশের কৃষক

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৮ম** **বিষয় ঃ বাংলা (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

১। নগেন কোথায় লেখা পড়া করে?
ক) স্কুলে খ) কলেজে গ) মাদ্রাসায় ঘ) বিশ্ববিদ্যালয়

২। নগেন মনে করল তার শরীর অস্থির করার কারণ ছিল:-
ক) ভয় খ) প্রেতাত্মা গ) আত্মগ্লানি ঘ) বৈদুতিক শক

৩। স্পষ্ট টের পাওয়া যায় নগেনের-
ক) ভয় খ) অনুশোচনা গ) শিহরণ ঘ) ব্যাকুলতা

৪। উদভ্রান্ত বলতে বোঝায়-
ক) বিচলিত খ) দিশেহারা গ) হতজ্ঞান ঘ) খ ও গ উভয়ই

৫। বাংলায় সর্বাত্মক অসহযোগ আন্দোলন সূচিত?
ক) ১লা মার্চ খ) ২রা মার্চ গ) ৩রা মার্চ ঘ) ৪ঠা মার্চ

৬। কত সালে আইয়ুব খান পতন হয়?
ক) ১৯৬৮ খ) ১৯৭০ গ) ১৯৬৯ ঘ) ১৯৬৭

৭। মার্শাল-ল কে জারি করেন?
ক) ইয়াহিয়া খান খ) আইয়ুব খান
গ) টিক্কা খান ঘ) জুলফিকার আলী ভুট্টো

৮। সুপ্রিম কোর্ট অর্থ কী?
ক) সর্বোচ্চ আদালত খ) উচ্চ আদালত
গ) জেলা আদালত ঘ) আধা সরকারি আদালত

৯। মাদুর কোন অঞ্চলের শিল্পীরা তৈরি করত?
ক) বরিশাল খ) খুলনা গ) সিলেট ঘ) কুষ্টিয়া

১০। কোনটি আমাদের দেশে অপ্রতুল নয়?
ক) গাছ খ) কাঠ গ) বাঁশ ঘ) শিল্প

১১। কোন সময়টি নকশিকাঁথা তৈরির উপযুক্ত সময়?
ক) শীতকালে খ) বসন্তকাল গ) বর্ষাকাল ঘ) গ্রীষ্মকাল

১২। 'দক্ষতা' বলতে বোঝায়?
ক) কুশলতা খ) জ্ঞান গ) প্রজ্ঞা ঘ) বিশেষ সক্ষমতা

১৩। কবি স্রষ্টাকে কী বলে সম্বোধন করেন?
ক) বিভু খ) বিভো গ) স্রষ্টা ঘ) সৃষ্টিকর্তা

১৪। 'বিভো, দেহ হৃদে বল'- 'প্রার্থনা' কবিতায় কতবার এসেছে?
ক) ৫বার খ) ৪বার গ) ৬বার ঘ) ৩বার

১৫। কবি কখন অবসন্নতা অনুভব করেন?
ক) প্রভুর অবাধ্য হলে খ) স্রষ্টাকে ভুলে গেলে
গ) স্রষ্টার নিকট প্রার্থনা না করলে ঘ) স্রষ্টার আদেশ নিষেধ ভুলে গেলে

১৬। কায়কোবাদের আয়ুষ্কাল কত বছর?
ক) ৬৮ খ) ৬৪ গ) ৬৭ ঘ) ৬৫

১৭। 'শোণিতি' শব্দের অর্থ কী?
ক) শোনা খ) কান্না গ) রক্ত ঘ) পানি

১৮। 'বিদেশি পুরুষ' কে?
ক) রণবীর চৌহান খ) বাবুর গ) সংগ্রাম সিং ঘ) লোদি

১৯। মুঘল সম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?
ক) দৌলত খাঁ খ) ইব্রাহিম লোদি গ) বাবুর ঘ) সংগ্রাম সিং

২০। দৌলত খাঁ কে ছিলেন?
ক) পাঠান বাদশা খ) মুঘল সম্রাট গ) দিল্লির সম্রাট ঘ) পাঞ্জাবের শাসক

২১। 'বিজলী' কোন ধরণের পত্রিকা?
ক) দৈনিক খ) সাপ্তাহিক গ) মাসিক ঘ) ত্রৈমাসিক

২২। নজরুল কত বছর বয়সে কঠিন রোগে আক্রান্ত হয়?
ক) ৪২ বছর খ) ৪৩ বছর গ) ৪৪ বছর ঘ) ৪৫ বছর

২৩। পীড়া শব্দের অর্থ কী?
ক) যন্ত্রণা খ) কষ্ট গ) বেদনা ঘ) সবগুলো

২৪। ডঙ্কা শব্দের অর্থ কী?
ক) যন্ত্রণা খ) জয়ঢাক গ) লড়াই ঘ) বিজয়ী

২৫। নিচের কোনটি সেমিকোলন?
ক) ; খ) , গ) ঃ ঘ) :

২৬। বিস্ময়চিহ্ন কোনটি?
ক) ? খ) ; গ) ! ঘ) :

২৭। বাংলা ভাষায় যতি চিহ্ন কয়টি?
ক) ৯টি খ) ১০টি গ) ১১টি ঘ) ১২টি

২৮। 'ক্ষুধার্ত' এর সন্ধি বিচ্ছেদ-
ক) ক্ষুধা + অর্ত খ) ক্ষুধা + ঋত গ) ক্ষুদা + ঋত ঘ) খুদা + ঋত

২৯। অহরহ এর সন্ধি বিচ্ছেদ:-
ক) অহ্ + অহ খ) অহঃ + অহ গ) অহঃ + অহঃ ঘ) অহো + অহঃ

৩০। মৌলিক স্বধ্বনি কয়টি?
ক) ২টি খ) ৬টি গ) ৭টি ঘ) ৮টি